

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭ ফাল্গুন ১৪২৩

১৯ ফেব্রুয়ারি ২০১৭

৪৩.০০.০০০০.১২১.০২.১০০.১২(অংশ)-৩৩০


বিষয়: 'ছবি মেলা ৯-আন্তর্জাতিক ফটোগ্রাফি প্রদর্শনী' আয়োজনের ব্যয় নির্বাহের জন্য অর্থ বিভাগ কর্তৃক বরাদ্দকৃত ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকার বিস্তারিত বিভাজন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে 'ছবি মেলা ৯-আন্তর্জাতিক ফটোগ্রাফি প্রদর্শনী' আয়োজনের ব্যয় নির্বাহের জন্য অর্থ বিভাগের অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত (৩-০৯২৩-০০০০-৬৬৫১) হতে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিশেষ অনুদান খাতে (৩-৩৪০৫-৩১৩১-৫৯৬৫) নিম্নোক্ত শর্তে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

- (ক) চলতি ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেটে বাংলাদেশ শিল্পকলা একাডেমির অনুকূলে বিশেষ অনুদান খাতে (৩-৩৪০৫-৩১৩৩-৫৯৬৫) ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা বরাদ্দ প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- (খ) অপ্রত্যাশিত খাত হতে বরাদ্দকৃত ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকার বিস্তারিত বিভাজন সরকারি আদেশে উল্লেখপূর্বক তা পৃষ্ঠাঙ্কনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- (গ) এ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (ঘ) এ অর্থ ব্যয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (ঙ) এ অর্থ ব্যয়ের প্রকৃত হিসাব বিবরণী পরবর্তীতে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- (চ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০১৭ তারিখের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করে অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

উপরোল্লিখিত শর্তাবলীর (খ) শর্ত অনুযায়ী ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা বরাদ্দ অর্থ বিভাগের পৃষ্ঠাঙ্কনের জন্য বিস্তারিত বিভাজন প্রয়োজন।

এমতাবস্থায় 'ছবি মেলা ৯-আন্তর্জাতিক ফটোগ্রাফি প্রদর্শনী' আয়োজনের ব্যয় নির্বাহের লক্ষ্যে বরাদ্দকৃত ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা অর্থ বিভাগের পৃষ্ঠাঙ্কনের জন্য উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষরসহ বিস্তারিত ব্যয় বিভাজন প্রেরণের জন্য যথানির্দেশ অনুরোধ করা হলো।


(মোঃ ওসমান চৌধুরী)
হিসাবরক্ষণ কর্মকর্তা
ফোনঃ ৯৫৭১৯০০।

e-mail: ao@moca.gov.bd

মহাপরিচালক
বাংলা শিল্পকলা একাডেমি
ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. উপসচিব, অধিশাখা-৭, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
২. সচিব এর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সহকারী সচিব (বাজেট ও অডিট), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৪. সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইট ও দপ্তর/সংস্থার ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব এর এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. উপসচিব (বাজেট ব্যবস্থাপনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (উপসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।